



অতি জরুরি/তাগিদপত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(পৌর-১ শাখা)
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং-৪৬.০০.০০০০.০৬৩.৪৭.০০২.১৮-২৬৪

তারিখ: ১৪/০৩/২০২১ খ্রি:।


বিষয়: স্থানীয় সরকার বিভাগের বাস্তবায়িত 'সিটি কর্পোরেশন ও পৌরসভাসমূহের জন্য বেলাবুশ হতে মেশিনারিজ ও যন্ত্রপাতি ক্রয়' শীর্ষক প্রকল্পের মাধ্যমে আমদানী করে বিতরণকৃত যান-যন্ত্রপাতির মধ্যে যে সকল যন্ত্রপাতি বর্তমানি অব্যবহৃত রয়েছে সে সকল যন্ত্রপাতির তালিকা প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: ০১। স্থানীয় সরকার বিভাগ, সিটি কর্পোরেশন-১ শাখার স্মারক নং-৪৬.০০.০০০০.০৭০.১৪.০২৮.১৯-২৩২; তারিখ: ০২/০৩/২০২১ খ্রি:।
০২। স্থানীয় সরকার বিভাগ, সিটি কর্পোরেশন-১ শাখার স্মারক নং-৪৬.০০.০০০০.০৭০.১৪.০২৮.১৯-২৭০; তারিখ: ১৪/০৩/২০২১ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের বাস্তবায়িত 'সিটি কর্পোরেশন ও পৌরসভাসমূহের জন্য বেলাবুশ হতে মেশিনারিজ ও যন্ত্রপাতি ক্রয়' শীর্ষক প্রকল্পের মাধ্যমে আমদানী করে বিতরণকৃত যান-যন্ত্রপাতির মধ্যে যে সকল যন্ত্রপাতি বর্তমানে অব্যবহৃত রয়েছে সে সকল যন্ত্রপাতির তালিকা প্রেরণের জন্য সূত্রস্থ ০১ নং পত্রের মাধ্যমে অনুরোধ করা হয় (কপি সংযুক্ত)। চাহিত তথ্যাদি পৌরসভা হতে পাওয়া না যাওয়ায় সূত্রস্থ ০২ নং পত্রের মাধ্যমে এ বিভাগের সিটি কর্পোরেশন-১ শাখা হতে পুনরায় তাগিদপত্র প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)। অদ্যাবধি চাহিত তথ্যাদি পাওয়া যায়নি।

এমতাবস্থায়, সূত্রস্থ পত্রের চাহিত তথ্যাদি আগামী ১৫/০৩/২০২১ তারিখের মধ্যে আবশ্যিকভাবে ই-মেইল:lgcc1@lgd.gov.bd এবং pauro1lgd@gmail.com এ প্রেরণসহ ডাকযোগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: পাতা।


(মোহাম্মদ ফারুক হোসেন)
উপসচিব
ফোন:৯৫১৪১৪২

মেয়র, দিনাজপুর পৌরসভা/বগুড়া পৌরসভা/পাবনা পৌরসভা/যশোর পৌরসভা/কুষ্টিয়া পৌরসভা/ফরিদপুর পৌরসভা/পটুয়াখালী পৌরসভা/নোয়াখালী পৌরসভা/টাংগাইল পৌরসভা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
- ০২। উপসচিব, সিটি কর্পোরেশন-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপসচিব, পৌর-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
- ০৫। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।